

## আমার ভুবন

সবুজের বার্তা নিয়েই গত ৫ জুন সূচনা হয়েছিল একটি একক প্রদর্শনীর। পরিবেশ দিবস উপলক্ষে এই প্রদর্শনী ইমামি আর্ট-এর উদ্যোগে। 'আমার ভুবন' শিরোনামে এই একক প্রদর্শনীতে শিল্পী অরুণিমা চৌধুরী আমাদের মধ্যে সঞ্চারিত করেছেন সবুজের বার্তা। এই প্রদর্শনীতে শিল্পী হাতে তৈরি কাগজ ব্যবহার করে ভেজিটেবিল রং দিয়ে নির্মাণ করেছেন শিল্পকর্মগুলি। সঙ্গে 'ন্যাচারাল গার্ডেন' শিরোনামে ছবিটি প্রদর্শনী থেকে। এই প্রদর্শনী চলবে আগামী ৩০ জুন পর্যন্ত। এটি দেখা যাবে <http://www.emamiart.com/> লিঙ্কে গিয়ে।